Written by Administrator
Friday, 20 February 2015 14:29 -

[illegible]
[illegible], [illegible] :
আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে জাতীয় পার্টির চেয়ারম্যান সাবেক রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদ এক বাণীতে বলেছেন, ৫২-এর ২১শে ফেব্রুয়ারিতে ভাষা শহীদদের অবদানে আমাদের মাতৃভাষা শুধু মর্যাদাই লাভ করেনি, স্বাধীনতা এবং স্বাধীকার আদায়ের পথকেও সুপ্রশস্ত করেছে। তাই জাতি চিরদিন ভাষা আন্দোলনের শহীদদের অমর অবদানের কথা শ্রদ্ধার সাথেই স্মরন করবে। তাঁদের সেই অবদানের জন্য মহান একুশে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের মর্যাদা লাভ করেছে।

সাবেক রাষ্ট্রপতি এরশাদ তাঁর বাণীতে বলেন, ৫২-এর আন্দোলন দৃশ্যতঃ বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে প্রতিষ্ঠিত করার আন্দোলন হলেও- এর অন্তর্নিহিত উদ্দেশ্য ছিল বিদেশী শাসন ও শোষন থেকে দেশকে মুক্ত করা। সেই মহান উদ্দেশ্য সফল হয়েছে-'৭১-এর মুক্তিসংগ্রামের মাধ্যমে। তিনি বলেন, মহান একুশের চেতনায় উদ্বুদ্ধ হয়ে দেশ ও জনগণের মঙ্গলের লক্ষ্যে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করে যেতে হবে।